



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester [Special] Examination, 2022

LCC1-P2-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) ধ্বনি পরিবর্তনের কয়টি ধারা ও কী কী ?
(খ) সমাস কাকে বলে ? সমাস কয় প্রকার ও কী কী ?
(গ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ
স্বরসঙ্গতি, সংকর শব্দ
(ঘ) কারক-বিভক্তি নির্ণয় করোঃ
(অ) বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা।
(আ) মরা লোকে তো আর কথা কয় না।
(ই) রায়বাবু তো এখন বাড়ি নেই।
(ঙ) প্রত্যয় কাকে বলে ? কৃৎ প্রত্যয় ও তদ্ধিত প্রত্যয়ের মধ্যে পার্থক্য নিরূপণ করো।
(চ) এককথায় প্রকাশ করোঃ
অগ্রে গমন করে যে, দিবসের শেষভাগ, কুলের সমীপে।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) ধ্বনি পরিবর্তনের কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।
(খ) টীকা লেখোঃ
জোড়কলম শব্দ, স্বরভক্তি, স্বরাগম।
(গ) সমাস নির্ণয় করোঃ
আঁখিপাখি, দেশান্তর, অগ্রে জন্মে যে, বিলাতফেরত, লাঠালাঠি, আপাদমস্তক।
(ঘ) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ করো।
(ঙ) নির্দেশানুসারে বাক্য পরিবর্তন করোঃ
(অ) তোমার সুখেই আমার সুখ। (জটিল বাক্যে রূপান্তর করো)
(আ) নির্মেষ আকাশেও বৃষ্টি হচ্ছে। (যৌগিক বাক্যে রূপান্তর করো)
(ই) তাহার অর্থ আছে কিন্তু সামর্থ্য নাই। (সরল বাক্যে রূপান্তর করো)
(ঈ) ভালো ছেলেকে সকলে ভালোবাসে। (প্রশ্নবাচক বাক্যে রূপান্তর করো)
(উ) আজ স্যার কলেজে আসবেন। (সন্দেহবাচক বাক্যে রূপান্তর করো)
(ঊ) এই দেশ অতি বিচিত্র। (বিস্ময়বোধক বাক্যে রূপান্তর করো)

(চ) প্রত্যয় নির্ণয় করোঃ

বৈদিক, দৃষ্টি, বর্তমান, দাশরথি, বাড়ন্ত, মালিকানা।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২=২৪

(ক) শব্দার্থ পরিবর্তনের কারণ ও ধারাগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(খ) কারক কাকে বলে ? কারক কয় প্রকার ও কী কী ? কারকের প্রতিটি বিভাগ উদাহরণসহ আলোচনা করো।

(গ) উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করো।

(ঘ) ক্রিয়ার কাল কাকে বলে ? ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী ? উদাহরণসহ আলোচনা করো।

—x—